17

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 NOV 1997
পৃষ্ঠা 98 কলাম 3

# আজ হইতে আইডিয়াল স্কুলের কার্যক্রম বন্ধ

ইত্তেফাক রিপোর্ট ॥ আইডিয়াল স্কুলকে কেন্দ্র করিয়া সংকট দানা বাঁধিয়া উঠিয়াছে। স্কুলের অধ্যক্ষ অনির্দিষ্টকালের জন্য স্কুলের কার্যক্রম বন্ধ ঘোষণা করিয়াছেন। অভিভাবকদের উদ্দেশ্যে এক পত্রে তিনি লিখিয়াছেন, "স্কুলের বর্তমান নৈরাজ্যকর ও বৈরী পরিবেশে এবং গভর্নিং বডির সিদ্ধান্তের অনুপস্থিতিতে প্রতিষ্ঠানের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনা করা সম্ভব নয়। আগামী ২৯শে নভেম্বর হইতে প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ ঘোষণা করিলাম।"

গতকাল রাতে অধ্যক্ষ ফয়েজুর রহমানের সহিত যোগাযোগ করা

(১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## আজ হইতে

(শেষ পৃঃ পর)

হইলে তিনি বলেন, বর্তমান পরিস্থিতিতে স্কুলের প্রশাসনিক ও ভর্তি কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয়। পরিস্থিতির উন্নতি না হইলে ২৯শে নভেম্বর হইতে স্কুল কার্যতঃ বন্ধ থাকিবে। এদিকে স্কুলের উদ্ভূত পরিস্থিতিতে অভিভাবক-অভিভাবিকা ফোরাম আগামীকাল (শনিবার) সকাল ১০টায় সোহাগ কমিউনিটি সেন্টারে এক সাধারণ সভার আয়োজন করিয়াছে।